

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৩৪/২০১২
সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখ ঃ ১৭/০৬/২০১২খ্রিঃ
৩ আষাঢ়, ১৪১৯ বাংলা।

সি এন্ড এফ এজেন্সী লাইসেন্স ব্যবহার সংক্রান্ত জরুরী সতর্কীকরণ

নিজ সি এন্ড এফ লাইসেন্স অন্য ব্যক্তি / প্রতিষ্ঠানকে ব্যবহার করতে দেয়া সংক্রান্ত জটিলতার বিষয়ে সকল সম্মানিত সদস্য / সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, ইদানিং কাস্টম হাউস / বন্দরে যে সকল জাল-জালিয়াতির ঘটনা উদঘাটিত হয়েছে, তার প্রায় সকল ক্ষেত্রেই দেখা যায় আমদানিকারক সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টের পরিচিত নয়। অর্থাৎ উক্ত সি এন্ড এফ এজেন্ট অন্য কাউকে লাইসেন্স ব্যবহারের অনুমতি দিয়ে বিপদগ্রস্ত হচ্ছেন এবং ক্ষেত্র বিশেষে লাইসেন্স বাতিল হচ্ছে। অথচ জালিয়াতক্রম বিভিন্ন পরিচয়ে ও নানা অজুহাতে বিভিন্ন প্রতিষ্ঠানের লাইসেন্স ব্যবহার করছেন।

এ ধরনের অনভিপ্রেত ঘটনা রোধকল্পে অন্য কাউকে লাইসেন্স ব্যবহারের অনুমতি না দেয়ার জন্য সকল সদস্য / সদস্য সি এন্ড এফ এজেন্টকে অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক
চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড
ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন